দৈনিক বাংলা

102

তারিখ ... 4/3/82 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... ৩ ...

# স্কুল কলেজে সাপ্তাহিক ছুটি

## জনমত

আমাদের স্কুল-কলেজে সাপ্তাহিক ছুটির দিন নিয়ে বাংলাদেশের স্বাধীনতার পর থেকেই নৈরাজ্য চলছে। সবেক পাকিস্তান আমলে প্রাথমিক মাধ্যমিক এবং মহাবিদ্যালয়গুলো শুক্রবার দিন বন্ধ থাকতো।

বাংলাদেশের স্বাধীনতা লাভের পর তৎকালীন প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটির দিন হিসেবে রোববারকে ঘোষণা করেন। সে সময় প্রাথমিক বিদ্যালয়গুলোতে শুক্রবারে মর্নিং শিফট চালু করা হয়।

পঁচাত্তর সালের রাজনৈতিক পট-পরিবর্তনের পর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সাপ্তাহিক ছুটিরদিন নিয়েও নৈরাজ্য শুরু হয়। কোন কোন শিক্ষাপ্রতিষ্ঠান শুক্রবার আবার কোন কোনটি রোববার বন্ধ থাকছে। এ ব্যাপারে সরকারের কোন নিয়ন্ত্রণ আছে বলে মনে হয় না।

তাই এ ব্যাপারে উপযুক্ত কর্তৃপক্ষের কোন বক্তব্য থাকলে তা জনসাধারণকে অবিলম্বে জানিয়ে দেবার জন্যে তাদের দৃষ্টি আকর্ষণ করছি।

—তাহির আহমেদ,
মাধবপাশা,
জলসুখা,
সিলেট।